SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা নাসরীন,প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, সারাদেশে ডেঙ্গু মশার কামড়ে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হচ্ছে এবং ডেঙ্গু রোগের ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্ধ দিয়ে ২০৪-২০২৫ অর্থ বছরে প্রার্দুরভাব বেড়ে গেছে।। ডেঙ্গু একটি ভাইরাস জনিত রোগ। এডিশ মশা এই ভাইরাসটি বহন করে। জমা থাকা পানিতে যেমন, ফুলের টব,ভাঙ্গা টিন কোটা, এসির পানি ইত্যাদি জায়গায় এই মশা বিস্তার করে থাকে। ডেঙ্গুর প্রার্দুরভাব মহামারী আকার ধারণ করতে পারে। সকলকে সচেতন থাকার জন্য এবং জনগণকে সচেতন করার জন্য সভায় অনুরোধ জানান।<br>সভাপতি, অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে মশার স্প্রে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণদের অনুরোধ জানান। | (১)উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(২) মশার স্প্রে পৌরসভা ও সকল ইউনিয়নে করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>০২। প্রশাসক কানাইঘাট পৌরসভা<br>০৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট,সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান, আসন্ন শারদীয় দূর্গাপূজা নির্দেশনা মোতাবেক প্রতিটি মন্ডপে প্রতিদিন মনিটরিং টিম এর মাধ্যমে পরির্দশন করা হচ্ছে। | আসন্ন শারদীয় দূর্গাপূজা নির্দেশনা মোতাবেক অত্র উপজেলার প্রতিটি মন্ডপে মনিটরিং টিমের কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাথমিক শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ব(এডিপি)এর বরাদ্দ দিয়ে ২০২৪-২০২৫ অর্থ বছরে ২০২৪ সালের বন্যায় নিম্নবর্ণিত ক্ষতিগ্রস্ত রাস্তাগুলো জরুরী ভিত্তিতে মেরামতের জন্য অনুমোদনের প্রয়োজন। | ১) উপস্থাপিত প্রকল্পগুলো অনুমোদন করা হলো ।<br>২) ০৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন কমপ্লেক্স ভবন নির্মাণে বরাদ্দের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিম্নে রাস্তাগুলোর নাম উল্লেখ করা হলো:- ০১) গাছবাড়ী জিসি-কানাইঘাট উপজেলা হেডকোয়ার্টার সড়কের নন্দীরাই পয়েন্টে অধিক ক্ষতিগ্রস্থ অংশ ইটসলিং দ্বারা দ্বারা মেরামত বাবদ প্রকল্প = ২,০০,০০০/- ০২) গাছবাড়ী জিসি- কানাইঘাট উপজেলা হেডকোয়ার্টার সড়কের মনসুরিয়া পয়েন্টে অধিক ক্ষতিগ্রস্থ অংশ ইটসলিং দ্বারা মেরামত প্রকল্প = ৭৩,১০০/- চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ সভায় জানান,স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ ইউপি-১ শাখার ১১ আগস্ট ২০২৪ তারিখে, স্মারক নং- ৪৬.০০.৯১০০.০০০.০১৭.৯৯.০০০৪.২১-৬৫৯ এর আলোকে সিলেট জেলার কানাইঘাট উপজেলাধীন ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। অনুমোদনের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখা,বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে প্রায় ১৫৬৩৪ হেক্টর জমিতে রোপা আমন ধান রোপন করা হয়েছে। কর্মসূচির আওতায় আবাদ বৃদ্ধির লক্ষে সবজি(হাইব্রিড) ৮০০জন,সবজি উফশী ৪০০ জন ও ৮ ফসল (গম,পেঁয়াজ,ভুট্টা,সরিষা মুগ, সূযমুখী,অড়হড়,চীনাবাদাম)৬৪০ জন কৃষককে প্রণোদনা প্রদান করা হবে। তিনি আরোও জানান যে, অত্র উপজেলার ডিলারগণের নিকট বীজ ও সার পর্যাপ্ত মজুদ রয়েছে। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্য চাষির তালিকা প্রস্তুত করার জন্য অত্র উপজেলার পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়নের মৎস্য চাষির তালিকা নিধারিত ছক মোতাবেক দ্রুত জমা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ মৎস্য চাষির তালিকা নির্ধারিত ছক মোতাবেক দ্রুত জমা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী মাস হতে ছাগল,ভেড়া ও গাড়ল এর পিপিআর রোগে ফ্রি ভ্যাকসিনিশন প্রোগ্রাম প্রতিটি ইউনয়নে শুরু হবে। বিস্তারিত পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অবহিত করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে অনেক প্রতারক/ দালাল মোবাইল ফোনযোগে ভাতাভোগীদের সাথে কথা বলে নগদ টাকা চেয়ে থাকে। টাকা | ভাতাভোগীরা প্রতারক ও দালালমুক্ত হওয়ার জন্য জনগণকে সচেতনতামূলক পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | না দিলে বলে যে ভাতা বন্ধ হয়ে যাবে। অথবা প্রতারক /দালালরা লোভ দেখায় যে নগদ টাকা দিলে পরবর্তীতে বিভিন্ন ভাতা দেওয়া হবে। এক্ষেত্রে সকল জনগনকে সতর্ক থাকতে হবে। লোভে/প্রতারণায় পা দেওয়া যাবে না এ বিষয়ে জনগণকে সচেতনতামূলক পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদেরকে অনুরোধ জানান। | চেয়ারম্যানগণ ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেতনমূলক প্রচারণা ও প্রয়োজনে সভা করবেন। | চেয়ারম্যানগণ/বিজ্ঞ সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে শারদীয় দুর্গাপূজার বরাদ্দ প্রাপ্তির পর প্রত্যেক পুজামন্ডপে পত্রের নির্দেশ মোতাবেক বরাদ্দ প্রদান করা হবে। ২০২৪-২০২৫ অর্থবছরে এখনো টিআর,কাবিখার বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়ার পর দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার হ্রাসের লক্ষ্যে কাজ চলমান আছে। এছাড়াও গর্ভকালীন এবং প্রসব পরবর্তী সেবা আরোও বর্ধিত করণের উপর জোর দেয়া হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আইসিভিজিডি কর্মসূচির আওতায় ৯৭৭ জন উপকারভোগীদের প্রশিক্ষণ শেষে প্রাপ্ত টাকার মাধ্যমে তাহার জন্য পণ্যসামগ্রী ক্রয় করেছেন। এবিষয়ে তদারকী করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>তিনি আরোও জানান যে, ২০২৩-২০২৪ ভিজিডি চক্রের জুলাই-২০২৪ হতে সেপ্টেম্বর-২৪ পযন্ত মোট ০৩(তিন) মাসের বরাদ্দ পাওয়া তারমধ্যে ০২(দুই) মাসের ডিও প্রদান করা হয়েছে,বাকী ০১(এ) মাসের ডিও আগামী সপ্তাহে প্রদান করা হবে।<br>অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | দীর্ঘদিন মিটিংয়ে অনুপস্থিত থাকায় চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আনসার ভিডিপি অধিদপ্তরের আওতাধীন গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>তিনি আরোও জানান যে, আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে আনসার ভিডিপি উপজেলার | আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সরকারি নির্দেশনা অনুসারে যোগ্য ও দক্ষ আনসার ও ভিডিপি সদস্য প্রত্যেক পুজামন্ডপে নিয়োগ দেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সদস্য/সদস্যা বাছাই প্রক্রিয়া চলমান। | | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলামান রয়েছে । | আসন্ন শারদীয় দুর্গাপূজায় প্রতিটি মন্ডপে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ চালু রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্পের কার্যক্রম যথারীতি চলামান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | তথ্য আপা প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান,সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় যুবউন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, কানাইঘাট বন বিভাগের অধীনে ২০২১-২০২২ সনে সৃজিত ১৫৬ হেক্টর উডলট বাগানে ২০২৩-২০২৪ আর্থিক সনে ১ম দফা রক্ষনাবেক্ষণ,আগাছা পরিষ্কার ও সার প্রয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা বন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন পুণ:নির্মাণে জরুরী সহায়তা প্রকল্পের আওতায় প্রাথমিক তালিকা প্রেরণে সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণদেরকে তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক সভায় জানান, সেপ্টেম্বর-২০২৪ মাসের খাদ্যবান্ধব চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কানাইঘাট শাখায় সমিতির সংখ্যা ২৪৭ টি, সদস্য সংখ্যা ৬৪৬৫ জন, মোট কোটি ৯২লক্ষ ৬হাজার টাকা, মোট ঋণ বিতরণ ২৪ কোটি ৩৬ লক্ষ,মোট ঋণ আদায় ১৫ কোটি ১৯ লক্ষ টাকা করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে স্থানীয়ভাবে একটি কুইকরেসপন্স টিম প্রস্তুত রয়েছে বলে সভাকে অবহিত করেন। | দুর্গাপূজায় যথাযথ প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |
| ২৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | |
| ২৫ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১২ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ১১ টি এবং ২০ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৬ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক)উপজেলা প্রশাসক মহোদয়ের সম্মানী;(গ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (ঘ) উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়;(ঙ)উপজেলা পরিষদ ভবনে নিচতলার দুইটি রুমের মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

CamScanner

২৬।০৯।২০২৪

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১২(৩৭)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ / ২৬ সেপ্টেম্বর ২০২৪

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা ---------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ---------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব -------------------------------------- কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

২৬।০৯।২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

CamScanner